# FORM G

## INVITATION FOR EXPRESSION OF INTEREST FOR ATTIVO ECONOMIC ZONE (KOLKATA) PRIVATE LIMITED OPERATING IN "AUTOMOBILE WORKSHOP" AT PASCHIM MEDNIPUR, WEST BENGAL.

(Under sub-regulation (1) of regulation 36A of the Insolvency and Bankruptcy Board of India (Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016)

| SL. | RELEVANT PARTICULARS | |
|---|---|---|
| 1. | Name of the corporate debtor along with PAN & CIN/ LLP No. | **Attivo Economic Zone (Kolkata) Private Limited**<br>PAN: AADCB2957M<br>CIN: U34105WB2007PTC120650 |
| 2. | Address of the registered office | Unit No. 709, 7th Floor, Merlin Infinite, DN-51, Sector-V, Salt Lake City, Kolkata-700091, Bidhan Nagar CK Market, North 24 Parganas, Saltlake, West Bengal, India, 700091 |
| 3. | URL of website | attivoeconomic.sipl@gmail.com |
| 4. | Details of place where majority of fixed assets are located | Paschim Mednipur, West Bengal |
| 5. | Installed capacity of main products/ services | N.A. |
| 6. | Quantity and value of main products / services sold in last financial year | As per the last available Audited Financial Statements for the FY 2024-25, revenue from operations was NIL |
| 7. | Number of employees/ workmen | Not Known |
| 8. | Further details including last available financial statements (with schedules) of two years, lists of creditors are available at URL: | The Audited Financial Statements for the F.Y. 2023-24 and 2024-25 are available. These Financial Statements, including Creditors List, can be obtained by emailing to the RP at attivoeconomic.sipl@gmail.com |
| 9. | Eligibility for resolution applicants under section 25(2)(h) of the Code is available at URL: | Can be obtained by emailing to the RP at attivoeconomic.sipl@gmail.com |
| 10. | Last date for receipt of expression of interest | **Monday, 27th July, 2026** |
| 11. | Date of issue of provisional list of prospective resolution applicants | Thursday, 6th August, 2026 |
| 12. | Last date for submission of objections to provisional list | Tuesday, 11th August, 2026 |
| 13. | Date of issue of final list of prospective resolution applicants | Friday, 21st August, 2026 |
| 14. | Date of issue of information memorandum, evaluation matrix and request for resolution plans to prospective resolution applicants | Wednesday, 26th August, 2026 |

| | | |
|---|---|---|
| 15. | Last date for submission of resolution plans | **Saturday, 26th September, 2026 (Subject to approval by the Adjudicating Authority)** |
| 16. | Process email id to submit Expression of Interest | attivoeconomic.sipl@gmail.com |
| 17. | Details of the corporate debtor's registration status as MSME. | Not Known |


**Mr. Anup Kumar Singh**
**Resolution Professional**
**Attivo Economic Zone (Kolkata) Private Limited**
**IBBI/IPA-001/IP-P00153/2017-2018/10322**
**AFA Valid till: 30.06.2027**
**Suite 1B, 1st Floor, 22/28A Manoharpukur Road**
**Kolkata-700029, West Bengal, India**

**Date and Place: 28th June, 2026, Kolkata**

# পড়ুয়াদের একা ঘরে ডেকে যৌন নির্যাতনে অভিযুক্ত প্রধান শিক্ষক

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** সরকারি একটি প্রাথমিক বিদ্যালয়ের কচিকাঁচা পড়ুয়াদের একা ঘরে ডেকেই যৌন নির্যাতন চালানোর অভিযোগ উঠল প্রধান শিক্ষকের বিরুদ্ধে। বিষয়টি জানাজানি হতেই রীতিমতো উত্তেজনা ছড়িয়ে পড়ে হবিবপুর থানা এলাকার একটি গ্রামের ওই সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে।

শনিবার নির্যাতিতা কয়েকজন ছাত্রীর পরিবার ও গ্রামবাসীরা দল বেঁধে ওই প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে ঘেরাও করে বিক্ষোভ দেখান। এমনকি ক্ষিপ্ত জনতা ওই প্রধান শিক্ষককে গণপিটুনিও দেয়। উত্তেজনা চরম আকার নিতেই ঘটনাস্থলে পৌঁছয় হবিবপুর থানার বিশাল পুলিশ বাহিনী। ক্ষিপ্ত জনতার হাত থেকে ওই প্রধান শিক্ষককে স্কুল চত্বর থেকে উদ্ধার করে নিয়ে যায় পুলিশ। এরপর ওই স্কুলের এক ছাত্রীর পরিবারের যৌন নির্যাতনের অভিযোগ এবং একদল গ্রামবাসীর প্রধান শিক্ষকের বিরুদ্ধে এই অভিযোগের পৃথক দুটি নালিশ জমা পরে হবিবপুর থানায়। এর পরিপ্রেক্ষিতেই প্রধান শিক্ষক সেকলেন মোস্তাফাকে পকসো আইনে মামলা রুজু করে গ্রেপ্তার করে পুলিশ।

উল্লেখ্য, হবিবপুর থানার দুর্গম এলাকায় রয়েছে সরকারি ওই প্রাথমিক বিদ্যালয়টি। বর্তমানে ওই বিদ্যালয়ে প্রধান শিক্ষককে নিয়ে মোট তিনজন শিক্ষক-শিক্ষিকা রয়েছে। পড়ুয়ার সংখ্যা প্রায় ৩৫ জন। বেশ কিছুদিন ধরেই ওই প্রধান শিক্ষক নাকি স্কুলের শেষ হতেই অন্য শিক্ষক-শিক্ষিকারা চলে যাওয়ার পর কচিকাঁচা পড়ুয়াদের একে একে ডেকেই নানা ভাবে যৌন হেনস্থা করত বলে অভিযোগ। বেশ কিছুদিন ধরে এই ঘটনা চলার পর ওই স্কুলের চতুর্থ শ্রেণির এক ছাত্রী গিয়ে বৃহস্পতিবার বাড়িতে গিয়ে কান্নাকাটি শুরু করে দেয়। পাশাপাশি তার শরীরের কয়েকটি গোপন জায়গায় ব্যাথার কথাও অভিভাবকদের বলে। কারণ জানতে গিয়েই রীতিমতো হতবাক হয়ে যায় ওই ছাত্রীর পরিবার। শুক্রবার স্কুল সরকারি ছুটি থাকায় অবশেষে শনিবার সকালেই ওই ছাত্রীর বাবা-মা এবং পরিবারের কয়েকজন এসে স্কুলের প্রধান শিক্ষককে চেপে ধরে। তাকে জিজ্ঞাসা করতেই আরো কয়েকজন তৃতীয় ও চতুর্থ শ্রেণীর ছাত্রীরা প্রধান শিক্ষকের তাদের ওপর নির্যাতনের কথা স্কুল চত্বরে বসে কাঁদতে কাঁদতে শুরু করে। আর তাতে সরগরম হয়ে ওঠে গোটা এলাকা।

নির্যাতিতা চতুর্থ শ্রেণীর ওই ছাত্রীর বাবা পুলিশকে অভিযোগে জানিয়েছেন, কয়েকদিন ধরে মেয়ে বাড়িতে এসে মনমরা হয়ে থাকত। কারও সঙ্গে কথা বলত না। সব সময় কান্নাকাটি করত। আমরা কৃষিকাজ করি। বেশিরভাগ সময় জমিতে থাকতে হয়। তাই এব্যাপারে অতটা বুঝতে পারিনি। গত বৃহস্পতিবার মেয়ে স্কুল থেকে ফেরার পর হাউমাউ করে কাঁদতে থাকে। এরপর ওর শরীরের স্পর্শকাতর কয়েকটি জায়গায় যন্ত্রণার কথা জানায় এবং প্রধান শিক্ষক তাকে দিয়ে কি ধরনের কুকীর্তি করিয়েছে সেটাও পরিষ্কার বলে দেয়। এরপরই ওই প্রধান শিক্ষককে শাস্তি দিতেই এদিন স্কুলে গিয়ে বিক্ষোভ দেখানোর পাশাপাশি গণপিটুনি দিয়েছি।' গ্রামের একাংশ ক্ষিপ্ত বাসিন্দাদের অভিযোগ, এই স্কুলের বেশ কিছু ছাত্রীদের সঙ্গে অশ্লীল আচরণ করে আসছিল ওই প্রধান শিক্ষক। এমনকি মোবাইলে নোংরা ছবি দেখানো হতো বলে জানতে পেরেছি। এমন ঘটনা জানার পর নিজেদের রাগ থামিয়ে রাখতে পারি নি। প্রধান শিক্ষক গ্রামবাসীদের ঘেরাওয়ের বিষয়টি আঁচ করতে পেরে পালানোর চেষ্টা করেছিল। কিন্তু ওকে ধরে ফেলা হয়।

এদিকে এই ঘটনায় রীতিমতো অসন্তোষ প্রকাশ করেছেন রাজ্যের মন্ত্রী তথা হবিবপুরে বিজেপি দলের বিধায়ক জোয়েল মুর্মু। বিষয়টি জানার পর তিনি এদিন দুপুরে হবিবপুর থানায় গিয়ে অভিযুক্ত প্রধান শিক্ষকের কঠোর শাস্তির দাবি করেছেন। পুলিশ জানিয়েছে, যৌন নির্যাতনের লিখিত অভিযোগ দায়ের হয়েছে। পস্কো আইনে ওই প্রধান শিক্ষকের বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে।



# তৃণমূল নেতাদের বিরুদ্ধে কাটমানির অভিযোগ

**নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর:** প্রধানমন্ত্রী আবাস যোজনার ঘর তৈরির টাকা থেকে মোটা অঙ্কের 'কাটমানি' আদায়ের অভিযোগ তুলে তৃণমূলের প্রাক্তন বিধায়ক নরেন ঘনিষ্ট একাধিক নেতার বিরুদ্ধে থানার দ্বারস্থ হলেন দুর্গাপুর-ফরিদপুর ব্লকের লস্করবাঁধ ও চন্দ্রডাঙা এলাকার উপভোক্তারা। তাঁদের অভিযোগ, আবাস যোজনার টাকা অ্যাকাউন্টে ঢোকার পর মাথাপিছু প্রায় ৭০ হাজার টাকা করে জোর করে আদায় করা হত। শনিবার দুর্গাপুর-ফরিদপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করে ঘটনার নিরপেক্ষ তদন্ত এবং অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থার দাবি জানান তাঁরা।

অভিযোগের তির তৃণমূলের পঞ্চায়েত সমিতির সদস্যের স্বামী রনজিত মণ্ডল, পঞ্চায়েত সদস্যের স্বামী কাঞ্চন দাস, তৃণমূল নেতা অসিত হাজরা সহ আরও কয়েকজনের বিরুদ্ধে। অভিযোগকারীদের দাবি, তৎকালীন তৃণমূল সরকারের আমলে কাটমানির প্রতিবাদ করতে গেলেই হুমকি দেওয়া হতো। সেই ভয়েই এতদিন কেউ প্রকাশ্যে মুখ খুলতে পারেননি। রাজনৈতিক পালাবদলের পর সাহস সঞ্চয় করে তাঁরা থানায় অভিযোগ দায়ের করেছেন বলে দাবি করেন।

অভিযোগকারী কলাবতী দেবী বলেন, 'আবাস যোজনার বাড়ির জন্য ৭০ হাজার টাকা অ্যাকাউন্টে এসেছিল। তারপর পুরো টাকাটাই রনজিত মণ্ডল নিয়ে নেয়। এত টাকা দেওয়ার পরও আজ পর্যন্ত আমাদের বাড়ি তৈরি হয়নি। তাই আমরা আজ থানায় অভিযোগ জানাতে এসেছি।' উল্লেখ্য, অভিযোগগুলির সত্যতা এখনও আদালত বা তদন্তকারী সংস্থার মাধ্যমে প্রমাণিত হয়নি। অভিযুক্তদের পক্ষ থেকে এ বিষয়ে এখনও কোনও প্রতিক্রিয়াও পাওয়া যায়নি।

# ডেঙ্গু প্রতিরোধে সাফাই অভিযান

**নিজস্ব প্রতিবেদন, ঝাড়গ্রাম:** ডেঙ্গুর বিরুদ্ধে লড়াইয়ে প্রতিরোধই সবচেয়ে বড় অস্ত্র। আর সেই বার্তাকেই সামনে রেখে পরিচ্ছন্নতা ও সচেতনতার ওপর জোর দিল স্বাস্থ্য দপ্তর। বর্ষার মরশুমে মশাবাহিত রোগের প্রকোপ রুখতে শনিবার গোপীবল্লভপুর ২ নম্বর ব্লকের তপসিয়া গ্রামীণ হাসপাতাল চত্বরে আয়োজিত হল বিশেষ সাফাই অভিযান।

গোপীবল্লভপুর ২ নম্বর ব্লকের ব্লক স্বাস্থ্য আধিকারিক ড. কিংশুক রায়ের নেতৃত্বে অনুষ্ঠিত এই কর্মসূচিতে অংশ নেন হাসপাতালের চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী, আশা কর্মী ও অন্যান্য কর্মচারীরা। হাসপাতাল চত্বর ও সংলগ্ন এলাকার নিকাশি ব্যবস্থা, ঝোপঝাড় এবং সম্ভাব্য জল জমার স্থানগুলি পরিষ্কার করা হয়। পাশাপাশি মশার প্রজনন রোধে প্রয়োজনীয় পদক্ষেপও গ্রহণ করা হয়। সাফাই অভিযানে ব্লক স্বাস্থ্য দপ্তরের ভেক্টর সার্ভেইলেন্স টিম এবং ভেক্টর কন্ট্রোল টিমের সদস্যরাও সক্রিয় ভাবে অংশগ্রহণ করেন। ডেঙ্গু বহনকারী এডিস মশার সম্ভাব্য প্রজননস্থল চিহ্নিতকরণ, উৎস ধ্বংস এবং সচেতনতা প্রচারে তাঁরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। ড

ৈল্লেখযোগ্য ভাবে, এদিন ব্লক স্বাস্থ্য আধিকারিক ড. কিংশুক রায় নিজেও সাফাই অভিযানে সরাসরি অংশ নেন। স্বাস্থ্যকর্মীদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে হাসপাতাল চত্বর পরিষ্কারের কাজে হাত লাগান তিনি। অভিযানের পাশাপাশি হাসপাতাল চত্বরে উপস্থিত রোগী, পরিজন ও সাধারণ মানুষকে ডেঙ্গু সম্পর্কে সচেতন করার উদ্যোগ নেওয়া হয়। ডেঙ্গুর উপসর্গ, প্রতিরোধের উপায় এবং বাড়ির আশপাশ পরিষ্কার রাখার গুরুত্ব নিয়ে বিস্তারিত প্রচার চালানো হয়।

ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃ কিংশুক রায় বলেন, ক্ষ্মডেঙ্গু প্রতিরোধে চিকিৎসার চেয়ে সচেতনতা অনেক বেশি গুরুত্বপূর্ণ। বাড়ির আশপাশে কোথাও জল জমতে দেওয়া যাবে না। একটি ছোট পাত্রে জমে থাকা জলও এডিস মশার প্রজনন ক্ষেত্র হয়ে উঠতে পারে। তাই ডেঙ্গুর বিরুদ্ধে এই লড়াইয়ে প্রশাসনের পাশাপাশি সাধারণ মানুষকেও সমানভাবে দায়িত্ব নিতে হবে।ক্ষ্মতিনি আরও জানান, বর্ষাকালে প্রত্যেককে বাড়ি ও আশপাশের পরিবেশ পরিচ্ছন্ন রাখার বিষয়ে বিশেষভাবে সতর্ক থাকতে হবে। জ্বর বা ডেঙ্গুর উপসর্গ দেখা দিলে দ্রুত স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করার পরামর্শও দেন তিনি। স্বাস্থ্য দপ্তরের এই উদ্যোগকে স্বাগত জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। তাঁদের মতে, এ ধরনের কর্মসূচি শুধু পরিচ্ছন্নতা বজায় রাখতেই নয়, ডেঙ্গু সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি এবং রোগ প্রতিরোধেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

# চাষিদের স্বার্থরক্ষায় রাজ্য কমিটির জরুরি সভা

**নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান:** পশ্চিমবঙ্গ রাজ্য আলু বীজ ব্যবসায়ী সমিতির একটি গুরুত্বপূর্ণ রাজ্য কমিটির সভা অনুষ্ঠিত হয় বর্ধমানের টাউন হল। সভায় উপস্থিত ছিলেন রাজ্য আলু বীজ ব্যবসায়ী সমিতির সম্পাদক প্রবীর কুমার দে এবং সভাপতি দেবেশ ঘোষ-সহ রাজ্য কমিটির উপদেষ্টা ও কমিটির অন্যান্য সদস্যবৃন্দ। এছাড়াও আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বর্ধমান দক্ষিণের বিধায়ক তথা মন্ত্রী মৌমিতা বিশ্বাস মিশ্র এবং মেমারির বিধায়ক মানব গুহ। সভার মূল আলোচ্য বিষয় সমিতির সম্পাদক প্রবীর কুমার দে জানান, এবারের সভার মূল এজেন্ডা ছিল গত বছর আলু ব্যবসা ও বীজ কেনা-বেচার ক্ষেত্রে তৈরি হওয়া বিভিন্ন সমস্যা এবং তার সমাধান সূত্র খোঁজা। তিনি বলেন বিভিন্ন ফার্ম থেকে বীজ কেনার পর ব্যবসায়ীরা যে ব্যাপক ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়েছেন, তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। অনেক ক্ষেত্রে টাকা নিয়েও আলু বা সঠিক বীজ না দেওয়ার মতো ঘটনা ঘটেছে, যা অত্যন্ত উদ্বেগজনক। তিনি আরও যোগ করেন যে, অতীতে চাষি ও ব্যবসায়ীদের ক্ষতিপূরণ পাইয়ে দেওয়ার চেষ্টা পুরোপুরি সফল না-হলেও, এবার নতুন করে সেই প্রচেষ্টা চালানো হবে। সভাপতি দেবেশ ঘোষ পঞ্জাবের আলুর বীজের মান এবং কৃত্রিম দাম বৃদ্ধি নিয়ে ক্ষোভ প্রকাশ করেন। তিনি জানান, পাঞ্জাবের অনুকূল আবহাওয়ার কারণে উন্নতমানের বীজ তৈরি হয়, যার ওপর বাংলার চাষিদের নির্ভর করতে হয়। কিন্তু পরিস্থিতি অনুযায়ী পঞ্জাবের ব্যবসায়ীরা অসদুপায় অবলম্বন করছেন। যেখানে এক বস্তা বীজ উৎপাদনে খরচ হয় মাত্র ৩০০ টাকা, সেখানে তা বাংলার চাষিদের কাছে ৩,০০০ টাকায় বিক্রি করা হচ্ছে। বীজের দাম বাড়লে তারা সরবরাহ বন্ধ করে দেয়, আবার দাম কমলে দ্বিগুণ পরিমাণ নিম্নমানের বীজ পাঠিয়ে দেয়। সমিতির পক্ষ থেকে বর্তমান সরকারের কাছে এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর উদ্দেশ্যে জোরালো আবেদন জানানো হয়েছে।

দেবেশ ঘোষ বলেন, ২০২৬ সালে এসে আলু ও পাঞ্জাবের বীজের ব্যবসার পরিস্থিতি অত্যন্ত শোচনীয়। তাই চাষি ও বীজ সংগঠনকে বাঁচাতে সরকারের এগিয়ে আসা উচিত। সমিতির দাবি, বাংলাতেই যাতে উন্নত মানের আলুর বীজ উৎপাদন বা প্রোডাকশন করা যায়, তার জন্য সরকারকে উপযুক্ত পরিকাঠামো তৈরি করতে হবে। একই সঙ্গে বীজের দাম যাতে চাষিদের নাগালের মধ্যে (৩০০ টাকা বীজের দাম এবং ৩০০ টাকা গাড়ি ভাড়া মিলিয়ে) রাখা যায়, সেই বিষয়েও পদক্ষেপ নেওয়ার অনুরোধ জানানো হয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য আলু ব্যবসায়ী সমিতির এই সংগঠনটি হুগলি, পশ্চিম মেদিনীপুর, বর্ধমান, হাওড়া, মুর্শিদাবাদ, বাঁকুড়া এবং উত্তরবঙ্গের বিভিন্ন জেলা সহ সমগ্র রাজ্যজুড়ে বিস্তৃত।

# বাম শ্রমিক সংগঠনের বিক্ষোভে উত্তাল রানিগঞ্জ




**নিজস্ব প্রতিবেদন, রানিগঞ্জ:** 'বস্তি উচ্ছেদ হতে দেব না, চলতে দেব না বুলডোজার' এই স্লোগানে শুক্রবার উত্তাল হল রানিগঞ্জ। বার্নস স্ট্যান্ডার্ড কোম্পানির জমি রেলের নয়, এই দাবিতে ৫ দফা দাবি নিয়ে বিক্ষোভ ও ডেপুটেশন কর্মসূচি পালন করল দুই বাম শ্রমিক সংগঠন।

সংগঠনের অভিযোগ, রেল বার্নস এলাকার জমিকে নিজেদের বলে দাবি করে সেখানে বসবাসকারী বস্তিবাসীদের উচ্ছেদের নোটিস দিয়েছে। যদিও সংগঠনের দাবি, এই জমি রাজ্য সরকারের। এরই প্রতিবাদে এদিন রানিগঞ্জে পথে নামেন শ্রমিক ও বস্তিবাসীরা। ঐতিহ্যবাহী রানিগঞ্জ রেলস্টেশনের সামনে বিক্ষোভ দেখিয়ে রেল কর্তৃপক্ষের কাছে ডেপুটেশন জমা দেন আন্দোলনকারীরা।

সংগঠনের নেতৃত্ব জানান, 'বার্নসের এই জমি রেলের নয়। দশকের পর দশক ধরে এখানে শ্রমিকরা বসবাস করছেন। রাতারাতি বুলডোজার চালিয়ে গরিব মানুষের মাথার ছাদ কেড়ে নেওয়া যাবে না।' তাঁরা আরও জানান, বার্নস সংস্থার কাছে বাসিন্দাদের কোটি কোটি টাকা বকেয়া রয়েছে। সেই বকেয়া আদায়ে আইনি পদক্ষেপ নেওয়া হয়েছে এবং বিষয়টি বারবার রেলকে লিখিতভাবে জানানো হয়েছে। তারপরও কেন উচ্ছেদের নোটিস দেওয়া হচ্ছে, তা নিয়ে সরব হন বস্তিবাসীরা। ৫ দফা দাবি অবিলম্বে বস্তি উচ্ছেদের নোটিস প্রত্যাহার করতে হবে। বার্নসের জমিকে রেলের জমি বলে দাবি করা চলবে না। উচ্ছেদের আগে বস্তিবাসীদের পুনর্বাসনের স্থায়ী ব্যবস্থা করতে হবে। বার্নসের বন্ধ কারখানা চালু করে শ্রমিকদের কাজের ব্যবস্থা করতে হবে ও শ্রমিকদের বকেয়া পাওনা মিটিয়ে দিতে হবে। বিক্ষোভকারীরা হুঁশিয়ারি দিয়েছেন, দাবি না-মানলে বৃহত্তর আন্দোলনে যাবেন তাঁরা।

# ৮২ জন কৃতী ছাত্র-ছাত্রীকে সংবর্ধনা প্রদান

**নিজস্ব প্রতিবেদন, ঝাড়গ্রাম:** ভবিষ্যতের পথচলায় শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে এবং তাদের সাফল্যকে সম্মান জানাতে চাকুলিয়ায় আয়োজিত হল এক বিশেষ কৃতি সংবর্ধনা অনুষ্ঠান। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে উল্লেখযোগ্য ফল করা ছাত্র-ছাত্রীদের উৎসাহিত করতে শনিবার চাকুলিয়ার পুরানো বাজার এলাকার টাউন হলে অনুষ্ঠিত হয় বর্ণাঢ্য 'প্রতিভা সম্মান সমারোহ'। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝাড়গ্রাম বিধানসভার বিজেপি বিধায়ক লক্ষ্মীকান্ত সাউ। আয়োজক ছিলেন ঝাড়খণ্ড রাজ্যের প্রাক্তন বিজেপির রাজ্য সভাপতি ডঃ দিনেশানন্দ গোস্বামী। প্রদীপ প্রজ্জ্বলন ও মা সরস্বতীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। এদিন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ মোট ৮২ জন ছাত্র-ছাত্রীকে সংবর্ধনা প্রদান করা হয়। চলতি বছরে ব্লকের সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ছাত্র অভিনভ মহাপাত্রের হাতে একটি ট্যাব, স্কুলব্যাগ ও প্রশংসাপত্র তুলে দেওয়া হয়। পাশাপাশি অন্যান্য ৮১ জন কৃতি পড়ুয়াকেও স্কুলব্যাগ ও মানপত্র প্রদান করা হয়। কৃতিদের সাফল্যে উচ্ছ্বসিত হয়ে ওঠে উপস্থিত ছাত্র-ছাত্রী, অভিভাবক ও অতিথিরা।



# মহা দধি মহোৎসব পালন ইসকন মায়াপুরে

**নিজস্ব প্রতিবেদন, নদিয়া:** দেশি-বিদেশি ভক্ত সমন্বয়ে পানিহাটি মহা দধী মহোৎসব পালন ইসকন মায়াপুরে। এই উৎসব শ্রীচৈতন্য মহাপ্রভুর প্রেমও শৃঙ্খলে বেধে দেয় প্রত্যেক বছর। চলছে আষাঢ় মাস, সামনেই প্রভু জগন্নাথ দেবের রথযাত্রা উৎসব সেই উপলক্ষে আলোক শয্যায় সজ্জিত হয়ে উঠবে ইসকন মায়াপুর। তার আগে এক অনন্য উৎসব ইসকন মায়াপুরে।



শনিবার থেকে শুরু হয় পানিহাটি মহা দধী মহোৎসব, যেখানে দেশি-বিদেশি ভক্তদের সমাগম চোখে পড়ার মতো। আগত প্রত্যেক দর্শনার্থীদের জন্য প্রসাদ বিতরণের ব্যবস্থা থাকে ইসকনের তরফে। যদিও সারা বছরই রীতিনীতি মেনে একাধিক সনাতনি রেওয়াজ থাকে মায়াপুর ইসকনে যার অন্যতম মহোৎসব পানিহাটি মহা দধী উৎসব। শুক্রবার সকাল থেকে দূর-দূরান্ত থেকে দেশীয় ভক্তবৃন্দরা এই মহোৎসবে সামিল হন, এছাড়াও বিদেশি ভক্তরাও একই সঙ্গে মিলিত হন এই মহোৎসবে।

শ্রীচৈতন্য মহাপ্রভুর আবির্ভাব স্মৃতি বিজড়িত ইসকন মায়াপুরে ও ভক্ত সমাগমের ঢল বয়ে যায় সারা বছরই, বিশেষ কিছু তিথি উপলক্ষে আরও ভক্তের ঢল নামে ইসকনের চন্দ্রোদয় মন্দিরে। ফলে ফুলে সাজানো হয়েছে ইসকনের বিগ্রহকে। প্রসাদ হিসেবে অসংখ্য ফল নিবেদন করা হয়েছে ভগবানের উদ্দেশ্যে। থাকে বিশেষ সুব্যবস্থা, ভক্তদের প্রসাদ বিতরণ যার অন্যতম দায়িত্ব থাকে ইসকন কর্তৃপক্ষের। এই পানিহাটি মহা দধী মহোৎসব অন্যান্য রীতি রেওয়াজের থেকে কম নয়। আষাঢ়ের মেঘের আড়ালে বৃষ্টির কনাকে উপেক্ষা করেও ভক্ত সমাগমের ঢল নামে এই বিশেষ তিথিতে। এ বিষয়ে ইসকন জনসংযোগ আধিকারিক রসিক গৌরাঙ্গ দাসের দাবি, এই উৎসব শ্রীচৈতন্য মহাপ্রভুর প্রেম শৃঙ্খলে বেঁধে দেওয়ার মতো। জ্ঞান শক্তি ধ্যান যার অন্যতম নাম শ্রীচৈতন্য মহাপ্রভু, তারই এক অন্যতম আবির্ভাব এই পানিহাটি মহা দধী মহোৎসব।


**ফর্ম জি**

**অট্টিভো ইকোনমিক জোন (কলকাতা) প্রাইভেট লিমিটেড-এর জন্য আগ্রহ প্রকাশক ডাক আহ্বান**

**পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ-এ "অটোমোবাইল ওয়ার্কশপ" কাজে নিযুক্ত**

(২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সেনস) রেগুলেশনসের রেগুলেশন ৩৬এ-এর সাব-রেগুলেশন (১) অধীনে)

| ক্রম | সংশ্লিষ্ট বিস্তারিত | |
|---|---|---|
| ১. | প্যান/সিন/এলএলপি নং সহ কর্পোরেট ডেটরের নাম | অট্টিভো ইকোনমিক জোন (কলকাতা) প্রাইভেট লিমিটেড<br>PAN NO : AADCB2957M<br>CIN : U34105WB2007PTC120650 |
| ২. | রেজিস্টার্ড অফিসের ঠিকানা | ইউনিট নং ৭০৯, ৮ম তল, মার্লিন ইনফিনাইট, ডিএন-৫১, সেক্টর -৫, সল্ট লেক সিটি, কলকাতা-৭০০০৯১, বিধাননগর সিকে মার্কেট, উত্তর ২৪ পরগনা, সল্টলেক,পশ্চিমবঙ্গ , ভারত, ৭০০০৯১ |
| ৩. | ওয়েবসাইটের ইউআরএল | attivoeconomic.sipl@gmail.com |
| ৪. | যেখানে অধিকাংশ স্থায়ী সম্পদ অবস্থিত তার বিস্তারিত | পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ |
| ৫. | প্রধান পণ্য/পরিষেবা উৎপাদন ক্ষমতা | প্রদত্ত নয় |
| ৬. | বিগত আর্থিক বর্ষে প্রধান পণ্য/ পরিষেবা বিক্রির পরিমাণ এবং মূল্য | আর্থিক বর্ষ ২০২৪-২৫ এর শেষ প্রাপ্ত নিরীক্ষিত আর্থিক তথ্য অনুযায়ী কার্যাদি থেকে রাজস্ব নেই |
| ৭. | কর্মী/কাজের লোকের সংখ্যা | জানা নেই |
| ৮. | বিগত দুই বছরের, বিনিয়োগকারীগণের তালিকা, প্রক্রিয়াগত সংশ্লিষ্ট ঘটনা (শিডিউলড সহ) প্রাপ্ত আর্থিক প্রতিবেদন সহ পরবর্তী ইউআরএল প্রাপ্ত : | আর্থিক বর্ষ ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ এর নিরীক্ষিত আর্থিক তথ্য প্রাপ্ত। এই আর্থিক তথ্য, বিনিয়োগকারীগণের তালিকা সহ আরপি নিকট ইমেলের attivoeconomic.sipl@gmail.com মাধ্যমে জানা যাবে। |
| ৯. | প্রস্তাবক আবেদনকারীগণের যোগ্যতার বিষয় অধীনে পাওয়া যাবে সংশ্লিষ্ট কোডের ধারা ২৫(২)(এইচ) ইউআরএল প্রাপ্ত | আরপি নিকট attivoeconomic.sipl@gmail.com ইমেলের মাধ্যমে জানা যাবে। |
| ১০. | আগ্রহ প্রকাশক আহ্বান গ্রহণের শেষ তারিখ | সোমবার, ২৭ জুলাই ২০২৬ |
| ১১. | সম্ভাব্য প্রস্তাবক আবেদনকারীগণের সাময়িক তালিকা ইস্যুর তারিখ | বৃহস্পতিবার ৬ আগস্ট ২০২৬ |
| ১২. | সাময়িক তালিকার বিষয়ে আপত্তি দাখিলের শেষ তারিখ | মঙ্গলবার ১১ আগস্ট ২০২৬ |
| ১৩. | সম্ভাব্য প্রস্তাব আবেদনকারীগণের চূড়ান্ত তালিকা ইস্যুর তারিখ | শুক্রবার ২১ আগস্ট ২০২৬ |
| ১৪. | মেমোর‍্যান্ডাম, মূল্যায়ণ ম্যাট্রিক্স এবং প্রস্তাব পরিকল্পনা অনুরোধ ইস্যুর তারিখ | বুধবার ২৬ আগস্ট ২০২৬ |
| ১৫. | রেজোলিউশন প্ল্যান জমা দেওয়ার শেষ তারিখ | শনিবার ২৬ সেপ্টেম্বর ২০২৬ (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন সাপেক্ষ) |
| ১৬ | আগ্রহ প্রকাশক আবেদন দাখিলের প্রক্রিয়া ইমেল আইডি | attivoeconomic.sipl@gmail.com |
| ১৭. | কর্পোরেট ডেটরের এমএসএমই হিসেবে রেজিস্ট্রেশন স্ট্যাটাসের বিস্তারিত | জানা নেই |

শ্রী অনুপ কুমার সিং
প্রস্তাব পেশাদার
অট্টিভো ইকোনমিক জোন (কলকাতা) প্রাইভেট লিমিটেড
IBBVIPA-001/IP-P00153/2017-2018/10322
এএফএ বৈধ : ৩০.০৬.২০২৭ পর্যন্ত
স্যুট ১বি, ২য় তল, ২২/২৮এ মনোহরপুকুর রোড, কলকাতা-৭০০০২৯, পশ্চিমবঙ্গ, ভারত

তারিখ : ২৮ জুন, ২০২৬
স্থান : কলকাতা



শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- মোবাইল
৯৩৩১০৫৯০৬০/ ৯০০৭২৯৯৩৫৩/ ৯৮৭৪০ ৯২২২০



AXIS BANK

**অ্যাক্সিস ব্যাঙ্ক লি.**
১ শেক্সপীয়র সরণি, এ.সি. মার্কেট বিল্ডিং, ৪র্থ তল, কলকাতা - ৭০০০৭১

**দখল নোটিশ (স্থাবর সম্পত্তির জন্য)**
**(২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলসের রুল ৮(১) সহিত পঠিত পরিশিষ্ট IV অনুযায়ী)**

যেহেতু, নিম্নস্বাক্ষরকারী, অ্যাক্সিস ব্যাঙ্ক লি.-এর অনুমোদিত অফিসার স্বরূপ সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস রুল ৩ সংস্থান অধীনে নিম্নোক্ত তারিখে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণকে উক্ত নোটিশ পাওয়ার তারিখ থেকে চুক্তির হার অনুযায়ী সুদ, জরিমানা সুদ, চার্জ, শুল্ক ইত্যাদি সহ ৬০ দিনের মধ্যে আদায় দেওয়ার জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণ উক্ত বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতাগণ/ জামিনদাতাগণকে বিশেষভাবে এবং সাধারণকে সাধারণভাবে অবগত করা হচ্ছে উক্ত আইনের ১৩(৪) ধারা এবং উক্ত রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত জামিনদত্ত সম্পত্তির নিম্নোক্ত তারিখ অনুযায়ী নিম্নস্বাক্ষরকারী কর্তৃক স্বত্ব দখলীকৃত হয়েছে।
ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণকে বিশেষভাবে এবং সাধারণকে সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে তারা যেন উক্ত জামিনদত্ত সম্পত্তির কোনরূপ লেনদেন না করতে এবং কোনরূপ লেনদেন অ্যাক্সিস ব্যাঙ্ক লি.-এর নিকট বকেয়া, পরবর্তী সুদ, জরিমানা সুদ, শুল্ক ইত্যাদি নোটিশে উল্লিখিত দাবি নোটিশের তারিখ থেকে আদায়দান সাপেক্ষ।
**ঋণগ্রহীতার অবগতির জন্য জ্ঞাত করা হচ্ছে ২০০২ সালের সারফেসি আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ নির্ধারিত সময়ের মধ্যে আদায় দিয়ে উক্ত জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।**

| ঋণগ্রহীতা/জামিনদাতার নাম এবং ঠিকানা | ক) তারিখ অনুযায়ী বকেয়া পরিমাণ খ) দাবি নোটিশের তারিখ গ) দখলের তারিখ |
|---|---|
| **১. মেসার্স সেফ ওয়াটার এন্টারপ্রাইজেস,** ১১৩, নিউ কলোনি, পো : পানিহাটি, কলকাতা- ৭০০১১৪, আরও ঠিকানা : ৫০ সাউথ স্টেশন রোড, ৫মতল, আগরপাড়া, কলকাতা-৭০০১০৯।<br>**২. শ্রী জয়দীপ দাশগুপ্ত (অংশীদার)** পিতা প্রিয়তোষ দাশগুপ্ত, ভবতারিণী অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং ৩জি-এইচ, ৪র্থতল, ৫৬ নর্থ স্টেশন রোড, পিন ৭০০১০৯।<br>**৩. শ্রী অনিল কুমার রায় (অংশীদার)** পিতা প্রয়াত লাল মোহন রায়, ১১৩, নিউ কলোনি, পো : পানিহাটি, কলকাতা- ৭০০১১৪ ।<br>**৪. শ্রীমতি রুমা দাশগুপ্ত** স্বামী জয়দীপ দাশগুপ্ত, নর্থ স্টেশন রোড বাইলেন, পানিহাটি, (এম), আগরপাড়া, উত্তর ২৪ পরগনা,পিন -৭০০১০৯। | ক) ১৬৪৮২৪২.৪০ টাকা লোন এ/সি নং *************০৭৪৪ অধীন, ১০.০৭.২০২৪ অনুযায়ী (সংশ্লিষ্ট পরিমাণ ৩১.০৩.২০২৩ পর্যন্ত প্রযোজ্য সুদ সহ) বকেয়া<br>খ) ২৬.০৩.২০২৫<br>গ) ২৪.০৬.২০২৬ |

**জামিনদত্ত সম্পদের বিবরণ**

**সম্পত্তি নং ১**
**তপশিল এ উল্লিখিত মতে (সমুদয় সম্পত্তির বিবরণ)**
সংশ্লিষ্ট সকল অংশ মোট জমি শ্রেণিভুক্ত বাস্তু,রায়ত অধিকাভুক্ত পরিমাপ কমবেশি (২ কাঠা হোল্ডিং নং ৫০-২ কাঠা হোল্ডিং নং ৫১) সমান সমান ৪ কাঠা , আরএস দাগ নং ৬০৬, জমিদার খতিয়ান নং ৫, সিএস এবং আরএস খতিয়ান নং ৬, মৌজা : তারাপুকুরিয়া , জেএল নং ১২, তৌজি নং ১৭৮, এডিএসআরও সোদপুর, থানা : খড়দহ, জেলা : উত্তর ২৪ পরগনা, স্থানীয় হানিহাটি পুরসভা অধীন সংযুক্ত হোল্ডিং নং ৫০, দক্ষিণ স্টেশন রোড, আগরপাড়া, ওয়ার্ড নং ৮, তদস্থিত বহুতল ভবন (জি-৪), নির্মিত। চৌহদ্দি : উত্তরে : অন্যান্যর জমি। দক্ষিণে : ২৮ ফুট চওড়া দক্ষিণ স্টেশন রোড। পূর্বে : সাধারণ চলার পথ। পশ্চিমে : ১২ ফুট চওড়া সাধারণ চলার পথ।
**তপশিল বি উল্লিখিত মতে (ফ্ল্যাটের বিবরণ)**
সংশ্লিষ্ট সকল অংশ স্বয়ংসম্পূর্ণ বসবাসের ফ্ল্যাট নং ৪বি, ৫মতলে, দক্ষিণ-পূর্ব-উত্তর মুখী সুপার বিল্ট আপ এরিয়া ৮৫২ বর্গফুট (সংশ্লিষ্ট সকল পরিষেবা এলাকাসমন্বিত ২ বেড রুম, ১ ডাইনিং,১ কিচেন, ১ টয়লেট , এক ডব্লুসি এবং ১ বারান্দা, ব্যালকনি মার্বেল মেঝে বহুতল ভবনে (জি-৪) তপশিল এ অনুযায়ী সম্পত্তি এবং সুবিধা এবং পরিষেবা ভোগ দকলের অধিকার সহ টেরেস, উপরের জলাধার, সেপটিক ট্যাঙ্ক,প্লাম্বিং, স্টেল কেসেস, লিফট, ছাদ চলার পথ এবং সাধারণ সুবিধা ভোগ দখল।
**সম্পত্তি রুমা দাশগুপ্ত এবং জয়দীপ দাশগুপ্ত এর নামে।**
**সম্পত্তি নং ২**
সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাপ এরিয়া ১৩ ছটাক ৩০ বর্গফুট কমবেশি তদস্থিত ১২০ বর্গফুট টালির শেড অবস্থিত মৌজা - সোদপুর, জেএল নং ৮, এলওপি ১১৩, সিএস এবং আরএস প্লট নং ৬৬৪(অংশ), ৮৮৫(অংশ) প্লট নং ১১৩/সি, এডিএসআর সোদপুর অধিক্ষেত্রে স্থানীয় পানিহাটি পুরসভার ওয়ার্ড নং ১২ অধীন, হোল্ডিং নং ১৫০(পুরানো) ১৮২ (নতুন), নিউ কলোনি, থানা : খড়দহ, উত্তর ২৪ পরগনা।
**সম্পত্তি অনিল কুমার রায় এর নামে।**

| ঋণগ্রহীতা/জামিনদাতার নাম এবং ঠিকানা | ক) তারিখ অনুযায়ী বকেয়া পরিমাণ খ) দাবি নোটিশের তারিখ গ) দখলের তারিখ |
|---|---|
| **১. মেসার্স কলকাতা ঝাড়খণ্ড রোডলাইনস,** স্বরূপ নগর,লেন নং ৫, শঙখ ভিলা, ডানকুনি, হুগলি র, পিন - ৭১২৩১১।<br>**২. শ্রী সন্তোষ কুমার শর্মা (স্বত্বা),** পিতা বিজয় কুমার শর্মা, স্বরূপ নগর, লেন নং ৫, শঙ্খভিলা, ডানকুনি, হুগলি, পিন - ৭১২৩১১। | ক) ১৯৩৯২১৪.০১ টাকা লোন এ/সি নং *************৭২৬০ অধীন, ২৮.০২.২০২৩ অনুযায়ী বকেয়া<br>খ) ২৬.০৩.২০২৫<br>গ) ২৩.০৬.২০২৬ |

**জামিনদত্ত সম্পদের বিবরণ**

**স্থাবর সম্পত্তির বিবরণ**
সংশ্লিষ্ট সকল অংশ উত্তর মুখী ফ্ল্যাট নং ২০১ ৩য়তলে, ভবনের নাম শঙখ ভিলা, পরিমাপ ঢাকা এরিয়া কমবেশি ৯২৭ বর্গফুট, মার্বেল মেঝে, ৩ বেড রুম, ১ লিভিং তথা ডাইনিং রুম, ১ কিচেন, ২ টয়লেট, ১ ব্যালকনি এবং অবিভক্ত সম্পত্তির যথাযথ ভাগ অংশ স্বার্থ উত্তর ভবনের চাতাল অবস্থিত মৌজা - মনোহরপুর, জেএল নং ৯৮, তৌজি নং ১৭, পো এবং থানা : ডানকুনি, পিন - ৭১২৩১১, ডানকুনি পুরসভার ওয়ার্ড নং ১১ (পূর্বতন ৯), স্বরূপ নগর লেন নং ৫, জেলা -হুগলি, সকল পরিষেবা এবং সুবিধা ভোগ দখলের অধিকার সহ লিফট , সকলের ব্যবহারের জায়গায় ভোগ দখলের অধিকার সহ এবং স্বত্ব স্বার্থ সকলের ব্যবহারের স্থানে অন্যান্য সুবিধা এবং সকল প্রয়োজনীয় ভোগ দখলের অধিকার সহ। **চৌহদ্দি :** উত্তরে : খোলা জায়গা প্রকল্প জমির। দক্ষিণে : খোলা স্পেস প্রকল্প জমির। পূর্বে : ফ্ল্যাট নং ২০৪। পশ্চিমে : লিফট, সিঁড়ি, চাতাল এবং অন্যান্য ফ্ল্যাট নং ২০২,
**সম্পত্তি সন্তোষ কুমার শর্মার নামে।**

| ঋণগ্রহীতা/জামিনদাতার নাম এবং ঠিকানা | ক) তারিখ অনুযায়ী বকেয়া পরিমাণ খ) দাবি নোটিশের তারিখ গ) দখলের তারিখ |
|---|---|
| **১. মেসার্স জয় মা তারা ইঞ্জি সেন্টার (স্বত্বাধিকারী সংস্থা),** ১৮, জান মহ ঘাট রোড, নৈহাটি , পো - নৈহাটি, উত্তর ২৪ পরগনা, পিন : ৭৪৩১৬৫।<br>**২. শ্রী বীরেন সাহা (স্বত্বা)** পিতা প্রয়াত নীরেন চন্দ্র সাহা, ৬ নং বিজয় নগর ধানকল, নৈহাটি (এম), উত্তর ২৪ পরগনা, পিন - ৭৪৩১৬৫। | ক) ৫৮,৪৯,৯২৯ টাকা (আটান্ন লাখ উনপঞ্চাশ হাজার নশো উনত্রিশ টাকা) লোন এ/সি নং *************৭৯৮৩ অধীন, দাবি নোটিশের তারিখ অনুযায়ী বকেয়া<br>খ) ২৬.০৯.২০২৫<br>গ) ২৩.০৬.২০২৬ |

**জামিনদত্ত সম্পদের বিবরণ**

**সম্পত্তি নং ১**
● জেলা : উত্তর ২৪ পরগনা, থানা এবং এডিএসআর - নৈহাটি, জেএল নং ৫, মৌজা - দেউলপাড়া গ্রাম, এলওপি নং ৪৪২, সিএস এবং আরএস দাগ নং ৪৮৫, জমির পরিমাপ আনুমানিক ২ কাঠা ২ ছটাক ২২.৫ বর্গফুট।
● জেলা : উত্তর ২৪ পরগনা, থানা এবং এডিএসআর -নৈহাটি, জেএল নং ৫, মৌজা- দেউলপাড়া গ্রাম, এলওপি নং ৪৪২, সিএস এবং আরএস দাগ নং ৪৮৬, জমির পরিমাপ আনুমানিক ২ কাঠা ২ ছটাক ২২.৫ বর্গ ফুট। মোট জমির এরিয়া পরিমাপ আনুমানিক ৪ কাঠা ৫ ছটাক বা ৭.১২ ডেসিমেল তদস্থিত টালির শেড পরিমাপ আনুমানিক ৪৫০ বর্গফুট অবস্থিত নৈহাটি পুরসভার ওয়ার্ড নং ২৫, হোল্ডিং নং ১২০০ ঋষি বঙ্কিম রোড। **চৌহদ্দি :** উত্তরে : কলোনি সীমা। দক্ষিণে : ৬ ফুট চওড়া পুরসভা সড়ক। পূর্বে : খাল। পশ্চিমে : এলওপি নং ৪৪১।
**সম্পত্তি বীরেন সাহা এর নামে।**

**সম্পত্তি নং ২**
● জেলা - উত্তর ২৪ পরগনা থানা এবং এডিএসআর - নৈহাটি, জেএল নং ৫, মৌজা - দেউলপাড়া গ্রাম, এলওপি নং ৪৪১/২, সিএস এবং আরএস দাগ নং ৪৮৫, জমির পরিমাপ আনুমানিক ১ কাঠা ৪ ছটাক।
● জেলা : উত্তর ২৪ পরগনা, থানা এবং এডিএসআর - নৈহাটি, জেএল নং ৫, মৌজা- দেউলপাড়া গ্রাম, এলওপি নং ৪৪১/২, সিএস এবং আরএস দাগ নং ৪৮৬, জমির পরিমাপ আনুমানিক ১ কাঠা ৪ ছটাক।
মোট জমির এরিয়া পরিমাপ আনুমানিক ২ কাঠা ৮ ছটাক বা ৪.১২ ডেসিমেল তদস্থিত টালির শেড পরিমাপ আনুমানিক ১০০ বর্গফুট অবস্থিত নৈহাটি পুরসভার ওয়ার্ড নং ২৫ (পুরানো), ২৪ (নতুন), হোল্ডিং নং ১৫০৭ ঋষি বঙ্কিম রোড। চৌহদ্দি : উত্তরে : কলোনি সীমা। দক্ষিণে : এলওপি ৪৪১/১ এবং ৪ ফুট চওড়া পুরসভা সড়ক। পূর্বে : এলওপি নং ৪৪২। পশ্চিমে : এলওপি নং ৪৩৮।
**সম্পত্তি বীরেন সাহা এর নামে।**

**সম্পত্তি নং ৩**
● জেলা - উত্তর ২৪ পরগনা থানা এবং এডিএসআর -নৈহাটি, জেএল নং ৫, মৌজা - দেউলপাড়া গ্রাম, এলওপি নং ৪৪১/১, সিএস এবং আরএস দাগ নং ৪৮৫, জমির পরিমাপ আনুমানিক ১ কাঠা ৪ ছটাক।
● জেলা : উত্তর ২৪ পরগনা, থানা এবং এডিএসআর -নৈহাটি, জেএল নং ৫, মৌজা- দেউলপাড়া গ্রাম, এলওপি নং ৪৪১/১, সিএস এবং আরএস দাগ নং ৪৮৬, জমির পরিমাপ আনুমানিক ১ কাঠা ৪ ছটাক ।
মোট জমির এরিয়া পরিমাপ আনুমানিক ২ কাঠা ৮ ছটাক বা ৪.১২ ডেসিমেল তদস্থিত টালির শেড পরিমাপ আনুমানিক ৪৯৩ বর্গফুট অবস্থিত নৈহাটি পুরসভার ওয়ার্ড নং ২৫ (পুরানো), ২৪ (নতুন), হোল্ডিং নং ১২৩১ ঋষি বঙ্কিম রোড, । চৌহদ্দি : উত্তরে : এলওপি ৪৪১/২। দক্ষিণে : ৬ ফুট চওড়া পুরসভা সড়ক। পূর্বে : ৪ ফুট চওড়া সাধারণ চলার পথ। পশ্চিমে : এলওপি নং ৪৩৮।
**সম্পত্তি বীরেন সাহা এর নামে।**

| ঋণগ্রহীতা/জামিনদাতার নাম এবং ঠিকানা | ক) তারিখ অনুযায়ী বকেয়া পরিমাণ খ) দাবি নোটিশের তারিখ গ) দখলের তারিখ |
|---|---|
| **১. মেসার্স এপিট্যাক্সি** ২ নং কাপাসডাঙ্গা, পো -হুগলি, থানা : চুঁচুড়া হুগলি, পিন- ৭১২১০৩।<br>**২. শ্রী আশুতোষ দে (স্বত্বাধিকারী)** পিতা জয়দেব চন্দ্র দে, শান্তি অ্যাপার্টমেন্ট, ৭১/১৫, জি টি রোড, শ্রীবাসনগর, চুঁচুড়া, হুগলি, পিন - ৭১২১০৩।<br>**আরও ঠিকানা :** পুরসভা হোল্ডিং নং ৫৬২/২৭৪/২২৮, মৌজা - কাপাসডাঙ্গা, জেলা এবং সাব রেজিস্ট্রি অফিস -হুগলি, থানা : চুঁচুড়া, হুগলি চুঁচুড়া পুরসভা, ওয়ার্ড নং ৮, পিন-৭১২১০৩।<br>**৩. শ্রী পরিতোষ দে (জামিনদাতা)** পিতা জয়দেব চন্দ্র দে, ২ নং কাপাসডাঙ্গা, পো -হুগলি, থানা : চুঁচুড়া হুগলি, পিন- ৭১২১০৩।<br>**আরও ঠিকানা :** পুরসভা হোল্ডিং নং ৫৬২/২৭৪/২২৮, মৌজা - কাপাসডাঙ্গা, জেলা এবং সাব রেজিস্ট্রি অফিস - হুগলি, থানা : চুঁচুড়া, হুগলি চুঁচুড়া পুরসভা, ওয়ার্ড নং ৮, পিন-৭১২১০৩। | ক) ৩২,৬৭,৩১৬.৬১ টাকা লোন এ/সি নং ***********৬২৮৮ অধীন, (সংশ্লিষ্ট পরিমাণ ০৫.১০.২০২৫ পর্যন্ত প্রযোজ্য সুদ সহ) বকেয়া<br>খ) ২৭.০১.২০২৬<br>গ) ২৩.০৬.২০২৬ |

**জামিনদত্ত সম্পদের বিবরণ**

**স্থাবর সম্পত্তির বিবরণ**
সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাপ আনুমানিক ৩ কাঠা অবস্থিত জেলা এবং সাব রেজিস্ট্রি অফিস -হুগলি, থানা : চুঁচুড়া, হুগলি চুঁচুড়া পুরসভার ওয়ার্ড নং ৮ অধীন, হোল্ডিং নং ২৭৪/২২৮ , (পুরসভা হোল্ডিং নং ৫৬২/২৭৪/২২৮) জেএল নং ১০, মৌজা- কাপাসডাঙ্গা,সাবেক খতিয়ান নং ৬০৫ হাল খতিয়ান নং ৫৮৩, (এলআর খতিয়ান নং ২১৯৩), সাবেক দাগ নং ৪৫৫, হাল দাগ নং ১০৮৩, তদস্থিত ভবন নির্মাণ উক্ত প্লট জমিতে।
**সম্পত্তি পরিতোষ দে এর নামে।**

| ঋণগ্রহীতা/জামিনদাতার নাম এবং ঠিকানা | ক) তারিখ অনুযায়ী বকেয়া পরিমাণ খ) দাবি নোটিশের তারিখ গ) দখলের তারিখ |
|---|---|
| **১. শ্রীমতি সফিকুল সেখ (স্বত্বাধিকারী সংস্থা)**<br>**২. শ্রী শফিকুল শেখ (স্বত্বা),** পিতা মহ আবুবক্কর শেখ, উভয়ের গ্রাম : করিমপুর, (হসপিটাল পাড়া), পো এবং থানা : করিমপুর, নদিয়া -৭৪১১৫২ | ক) ১০,৮৫,৬১৫.৮৯ টাকা (দশ লাখ পঁচাশি হাজার ছশো পনের টাকা এবং উননব্বই পয়সা) লোন এ/সি নং ***********৬২৫৮ অধীন, দাবি নোটিশের তারিখ অনুযায়ী বকেয়া<br>খ) ২৬.০৯.২০২৫<br>গ) ২৫.০৬.২০২৬ |

**জামিনদত্ত সম্পদের বিবরণ**

সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাপ আনুমানিক ৪ ডেসিমেল অবস্থিত জেলা - নদিয়া, থানা -করিমপুর, মৌজা- ৬ নং করিমপুর, সাবেক খতিয়ান নং ৩৩৩, এলআর খতিয়ান নং ২৩৩৬। আরএস দাগ নং ৩৩৬, এলআর দাগ নং ১৪৬৮, তদস্থিত ভবন নির্মাণ উক্ত জমিতে। **চৌহদ্দি :** উত্তরে : ভারতী ঘোষের ভবন। দক্ষিণে : সুজিত মন্ডলের জমি। পূর্বে : ৬ ফুট চওড়া সড়ক। পশ্চিমে : আবুবক্কর শেখ এর সম্পত্তি।
**সম্পত্তি শফিকুল শেখ এর নামে।**

| ঋণগ্রহীতা/জামিনদাতার নাম এবং ঠিকানা | ক) তারিখ অনুযায়ী বকেয়া পরিমাণ খ) দাবি নোটিশের তারিখ গ) দখলের তারিখ |
|---|---|
| **১. মেসার্স সোনা চিকেন,** হোল্ডিং /প্রেমিসেস নং ১০২/৭৭ গৌরবঙ্গ রোড, দক্ষিণ হাবড়া, ওয়ার্ড নং ১৪, দক্ষিণ হাবড়া উত্তর ২৪ পরগনা, পিন - ৭৪৩২৬৩।<br>**২. শ্রী অনুপ রায় (স্বত্বা),** পিতা মানিক রায়, হাবড়া, উত্তর ২৪ পরগনা, পিন- ৭৪৩২৬৩ | ক) ৩২,০৬,৫৪৩.৩০ টাকা (বত্রিশ লাখ ছয় হাজার পাঁচশ তেতাল্লিশ টাকা এবং তিরিশ পয়সা) লোন এ/সি নং ***********০১০৭ অধীন, ০৩.১২.২০২৫ অনুযায়ী (সংশ্লিষ্ট পরিমাণ ০৫.০৯.২০২৫ পর্যন্ত প্রযোজ্য সুদ সহ)<br>খ) ২৯.১২.২০২৫<br>গ) ২৫.০৬.২০২৬ |

**জামিনদত্ত সম্পদের বিবরণ**

সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাপ আনুমানিক ৩.৩ শতক অবস্থিত মৌজা -হাবড়া, জেএল নং ৭২, আরএস নং ৩১৩, তৌজি নং ৪৪২, বর্তমানে ১৪, দাগ নং ১৪১১, এলআর দাগ নং ২৮৩৮, খতিয়ান নং ২৯৫, হাবড়া পুরসভার হোল্ডিং নং ১২৮/১১৯, ওয়ার্ড নং ১৩, সি বি বাই লেন-২, থানা : হাবড়া, জেলা : উত্তর ২৪ পরগনা, **চৌহদ্দি : উত্তরে :** দাগ নং ১৪১৪। **দক্ষিণে :** মিন্টু কর্মকারের সম্পত্তি। **পূর্বে :** সঞ্জিত মন্ডল এর সম্পত্তি এবং ৬ ফুট চওড়া সাধারণ চলার পথ। **পশ্চিমে :** প্রমোদ বসু এর সম্পত্তি।
**সম্পত্তি শ্রী অনুপ রায় এর নামে।**

তারিখ : ২৮.০৬.২০২৬
স্থান : কলকাতা

অনুমোদিত অফিসার,
অ্যাক্সিস ব্যাঙ্ক লি.